

“শেখ হাসিনার বারতা
নারী -পুরুষ সমতা”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়
মহিলা বিষয়ক অধিদপ্তর
টাঙ্গাইল।
tangaildwa@gmail.com

স্মারক নং : ৩২.০১.৯৩০০.০০৮.০৮.২১২.২৩-৫২৪

তারিখঃ

১৬ ভাদ্র , ১৪৩০ খ্রি.

৩১ আগস্ট, ২০২৩ খ্রি.

নিয়োগ বিজ্ঞপ্তি

মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “কিশোর- কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের” আওতায় টাঙ্গাইল সদর উপজেলায় স্থাপিত ক্লাবসমূহের জন্য দৈনিক ভিত্তিতে সম্পূর্ণ অস্থায়ী ভাবে প্রকল্পের মেয়াদকালীন সময়ে নিম্নোক্ত পদে নিয়োগের লক্ষ্যে যোগ্য ও আগ্রহী প্রার্থী হিসেবে টাঙ্গাইল জেলার সদর উপজেলার স্থায়ী নাগরিকদের নিকট থেকে আবেদন আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম /ভাতা	পদের সংখ্যা	যোগ্যতা
০১	আবৃত্তি শিক্ষক দৈনিক ভিত্তিক ৫০০/- (সপ্তাহে এক দিন)	০১(এক) জন	এস.এস.সি পাশ এবং আবৃত্তি বিষয়ে ডিপ্লোমা/ শিল্পকলা একাডেমীর প্রশিক্ষণ সনদ প্রাপ্ত/আবৃত্তি শিক্ষক হিসেবে প্রতিষ্ঠিত কোন একাডেমীতে কর্মরত মহিলা প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হবে।

শর্তাবলীঃ

- ০১। প্রার্থীকে ১৫/০৯/২০২৩ খ্রি. ইং তারিখের মধ্যে উপজেলা নির্বাহী অফিসার, টাঙ্গাইল সদর, টাঙ্গাইল বরাবর স্বহস্তে লিখিত আবেদন করতে হবে।
- ০২। আবৃত্তি শিক্ষক পদে নিয়োগের জন্য প্রার্থীকে সংশ্লিষ্ট উপজেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
- ০৩। সরকার কর্তৃক নির্ধারিত বিশেষ কোটায় (শহীদ মুক্তিযোদ্ধা বা মুক্তিযোদ্ধাদের সন্তান/ এতিমখানা নিবাসী ও শারিরিক প্রতিবন্ধী, উপজাতি, আনসার ও ভিডিপি) প্রার্থীদের ক্ষেত্রে এ কোটায় চাকুরীর বিষয়ে সরকারের সর্বশেষ নির্দেশনা পালন করা হবে।
- ০৪। প্রার্থীদের বয়স অনূর্ধ্ব ৩০ (ত্রিশ) বছর এর মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা সন্তানদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ (বত্রিশ) বছর। সংশ্লিষ্ট উপজেলায় নির্ধারিত বয়স সীমার মধ্যে যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সে ক্ষেত্রে অভিজ্ঞ প্রার্থীর ক্ষেত্রে বয়স শিথল যোগ্য।
- ০৫। আবেদন পত্রের সাথে ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি সংযুক্ত করতে হবে।
- ০৬। চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- ০৭। আবেদন পত্রের সাথে শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার সনদপত্র, জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ, নাগরিকত্ব সনদ জমা দিতে হবে। সকল সনদপত্র ১ম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে দাখিল করতে হবে।
- ০৮। নির্ধারিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র এবং অসম্পূর্ণ/ ত্রুটিপূর্ণ আবেদন গ্রহণযোগ্য হবে না।
- ০৯। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ ডিএ প্রদান করা হবে না।
- ১০। কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগের যে কোন প্রক্রিয়া স্থগিত/বাতিল করায় অধিকার সংরক্ষণ করেন।

(হোসান-বিন-মুহাম্মাদ আলী)

উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

কিশোর- কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প,